

প্রগতিশীল প্রযুক্তি
অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)



তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭

www.sheikhrusseldigitallab.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.২৫.০০১.২৩.৩০০

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৯

১১ মার্চ ২০২৩

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৯০০১টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে মোট ৩৬০২০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী “আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলসুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে।

০২। ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধানগণের কাছ থেকে ০১ জন অপেক্ষমানসহ মোট ০৫ জন শিক্ষকের তথ্য সংযুক্ত ছক মোতাবেক সংগ্রহপূর্বক তালিকা অনলাইন সিস্টেমে আপলোড করতে হবে। এ বিষয়ে কারিগরি সহায়তার জন্য জনাব রিয়াসাত রায়হান নূর, সহকারী প্রোগ্রামার (ইমেইল-srdl.ict@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৩। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে ল্যাব প্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধানগণ প্রশিক্ষণার্থী শিক্ষকদের তথ্য আইসিটি অধিদপ্তরের জেলা/উপজেলা কর্মকর্তাকে যথাসময়ে প্রদান করবেন।

০৪। এমতাবস্থায়, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনকৃত প্রতিটি প্রতিষ্ঠান থেকে সংযুক্ত ছকে ০৫ জন শিক্ষকের তথ্য সংগ্রহ করে ০১ জন শিক্ষককে অপেক্ষমান রেখে ০৪(চার) জন শিক্ষকের তথ্য আগামী ১৫/০৩/২০২৩ তারিখের মধ্যে www.srdl.gov.bd লিংকে আপলোড করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ

০১। শিক্ষক তথ্য ছক।

০২। ব্যবহারকারীর তালিকা।

১১-৩-২০২৩

এস এ এম রফিকুল্লাহী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৬৮২৬

ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬

ইমেইল: pdsrdl@doict.gov.bd

বিতরণ :

১) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার(সকল), জেলা কার্যালয়,
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

২) সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, তথ্য ও
যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক (সকল)।(সদয় অবগতির জন্য)
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।(সদয় অবগতির জন্য)
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) জেলা শিক্ষা কর্মকর্তা(সকল), জেলা শিক্ষা অফিস।
- ৬) সহকারী প্রোগ্রামার(সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)।
- ৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস।
- ৮) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান(সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান।(ছক মোতাবেক শিক্ষকগণের তথ্য প্রদানের অনুরোধসহ)
- ৯) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১১-৩-২০২৩

মোহাম্মদ আবুল হাশেম

উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত
দায়িত্ব)